৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা সমাজ ও সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো।

খ) অক্ষরবৃত্ত রীতির ছন্দ বলতে কী বোঝ? উদাহরণসহ বৈশিষ্ট্য আলোচনা করো।

গ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল'—অভিসার পর্যায়ে গোবিন্দ দাসই শ্রেষ্ঠ— তা এই পদ অবলম্বনে বুঝিয়ে দাও।

ঘ) 'অনুপ্রাস' ও 'বক্রোক্তি' অলংকারের উদাহরণসহ সংজ্ঞা বিশ্লেষণ করো।

---





# ২০১৯
# বাংলা

**প্রথম সেমেস্টার**

**কোর্স কোড : BNGP-CC-T-I**

**(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ, ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী)**

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদ কার সম্পাদনায় কী নামে প্রথম প্রকাশিত হয়?

খ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যটির আবিষ্কারক কে? এটি কোথা থেকে আবিস্কৃত হয়?

গ) কৃত্তিবাসী রামায়ণ কোন্ সময়ের রচনা? তাঁর কাব্যটির নাম লেখো।

ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? তাদের নাম লেখো।

ঙ) মনসামঙ্গল কাব্যের আদি কবি কে? এই ধারার অন্য দু'জন কবির নাম ও তাদের গ্রন্থের নাম লেখো।

চ) ছন্দে অক্ষর বা দল বলতে কী বোঝ? এটি কত প্রকার ও কী কী?

[পরের পাতায়]

ছ) ‘পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি’—এটি কোন্ শ্রেণীর অলংকার?

জ) মাথুর পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠ কবি কে? তাঁর একটি পদের উল্লেখ করো।

ঝ) ‘যমক’ অলংকার বলতে কী বোঝ? এটি কয় প্রকার ও কী কী?

ঞ) ‘নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে’— এটি কোন্ শ্রেণীর পদ? এখানে ‘নীরদ নয়নে’ শব্দটির অর্থ কী?

ট) পূর্বরাগ বলতে কী বোঝ?

ঠ) ‘চৈতন্য চরিতামৃত’ গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?

ড) ‘ধর্মমঙ্গল’ কাব্যের কাহিনী কয়টি পর্বে বিন্যস্ত ও কী কী?

ঢ) স্বরবৃত্ত ছন্দের দু’টি বৈশিষ্ট্য লেখো।

ণ) “আমি যদি জন্ম নিতেম, কালিদাসের কালে<br>দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।”<br>—চরণটির পর্ব ও দল নির্ণয় করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বৃন্দাবন দাস রচিত ‘চৈতন্য ভাগবত’ গ্রন্থটিতে সমকালীন যুগের যে ছবি ধরা পড়েছে তা আলোচনা করো।

খ) ‘মাধব বহুত মিনতি করি তোয়’—পদটি কোন্ শ্রেণীর? সেই শ্রেণীর পরিচয় দিয়ে, পদটির বিশ্লেষণ করো।

গ) কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।



ঘ) সংজ্ঞাসহ উদাহরণ দাও :

অ) স্বরবৃত্ত ছন্দ

আ) অনুপ্রাস

ঙ) ব্যাখ্যাসহ ছন্দোলিপি নির্ণয় করো (যে-কোনো **দু’টি**) :

অ) খুব তার বোল চাল সাজ ফিট্ ফাট্<br>তক্‌রার হোল তার নাই মিট্ মাট্<br>চশমায় চমকায় আড়ে চায় চোখ,<br>কোনো ঠাঁই ঠেকে নাই কোনো বড়ো লোক।

আ) বাঁকানো চাঁদের সাদা ফালি<br>তুমি বুঝি খুব ভালোবাসতে।<br>চাঁদের সময় নহে আজ তো<br>এ যুগের চাঁদ হোল কাস্তে।।

ই) মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে<br>মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।

চ) টীকা লেখো (যে-কোনো **দু’টি**) :

অ) চণ্ডীদাস

আ) রামপ্রসাদ

ই) ধর্মমঙ্গল